

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.০১৬.২২.৩৩২২

তারিখ: ০৩/১০/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে ২টি ব্যাচে প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত সুফলভোগী প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পভুক্ত উপজেলাসমূহের সুফলভোগীদের আর্থ-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বঙ্গাবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ এ আগামী ১৬/১০/২০২২ হতে ১৪/১১/২০২২ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত ৩০ দিনব্যাপী সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে প্রতি ব্যাচে ৪০ জন করে ২টি ব্যাচে ৮০ জনের প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত হকে কমপক্ষে ৪ জন সুফলভোগীর তালিকা জরুরি ভিত্তিতে আগামী ১০/১০/২০২২ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

হক

ক্র. নং	জেলার নাম	উপজেলার নাম	সমিতির নাম ও কোড নং	সদস্যের নাম ও সদস্যের আইডি নং	বয়স	শিক্ষাগত যোগ্যতা	মোবাইল নম্বর
১							
২							
৩							
৪							

প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিক বিষয়সমূহ:

১. স্পেশাল সমিতির সদস্যদের অগ্রাধিকার প্রদান করতে হবে।
২. সদস্যদের বয়স ৫০ বছরের নিচে এবং ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণি পাশ হতে হবে।
৩. ইতোপূর্বে যাদের সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তাদের প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন প্রদান করা যাবে না।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
বিআরডিবি, উপজেলা.....(প্রকল্পভুক্ত সকল উপজেলা)।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ..... (প্রকল্পভুক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: ..... (সকল উপজেলা)।
৫. অফিস নথি।